# Class test
# VIII

1. নিচের বহুবিকল্পভিত্তিক প্রশ্নগুলোর সঠিক উত্তর নির্বাচন করো। (১×৫)

I) কবিতার বক্তা নিজেকে ‘অঙ্কুরিত বীজ’ বলার মাধ্যমে কী বোঝাতে চেয়েছেন?
A. নিজের দুর্বলতা B. ভবিষ্যৎ সম্ভাবনা ও বিকাশ
C. প্রকৃতির প্রতি ভয় D. স্থবির জীবনের ইঙ্গিত

II) কবিতায় ‘বটবৃক্ষের সমাজে’ কথাটি দ্বারা কী ইঙ্গিত করা হয়েছে?
A. প্রকৃত বনভূমি B. প্রবীণ ও শক্তিশালী মানুষের সমাজ
C. সামাজিক বৈষম্য D. প্রকৃতির ভারসাম্য

III) ‘শিকড়ে আমার তাই অরণ্যের বিশাল চেতনা’—এই পঙক্তির মূল ভাব কোনটি?
A. শিকড়ের দৈর্ঘ্য B. গোপন শক্তি ও ঐতিহ্য
C. অরণ্যের ভয়াবহতা D. অন্ধকার পরিবেশ

IV) কবিতায় বক্তার ভবিষ্যৎ সম্পর্কে মনোভাব কেমন?
A. সংশয়পূর্ণ ও ভীত B. নির্লিপ্ত
C. আশাবাদী ও দৃঢ় D. হতাশাগ্রস্ত

V) কবিতায় ঝড়ের উল্লেখ মূলত কোন প্রতীকের কাজ করেছে?
A. প্রকৃত দুর্যোগ B. সামাজিক উৎসব
C. জীবনের প্রতিবন্ধকতা D. ঋতু পরিবর্তন

2. নিচের প্রশ্নটির উত্তর দাও।
“তবু ক্ষুদ্র ও শরীরে গোপনে মর্মরধ্বনি বাজে।”—কার শরীরের কথা বলা হয়েছে? ক্রমপরিণতির মধ্য দিয়ে কি করে সে বৃহৎ সম্ভাবনার দিকে গতিলাভ করে? (২+৩)